# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examinations, 2022

## BENGALI

## CORE-5

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) মনসামঙ্গল কাব্যের আদি কবি কে ?

(খ) চাঁদ সদাগরের কয়জন পুত্র ছিল ?

(গ) 'পদ্মাবতী' কার লেখা ? কত খ্রিষ্টাব্দে কাব্যটি প্রকাশিত হয় ?

(ঘ) তন্ত্রবিভূতির কাব্যের নাম কী ?

(ঙ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত'-এর আদিলীলায় কয়টি অধ্যায় আছে ?

(চ) 'হপ্তপয়কর' গ্রন্থের রচয়িতার নাম কী ?

(ছ) দুটি চরিত সাহিত্যের উদাহরণ দাও।

(জ) ঈশ্বরপুরী কে ছিলেন ?

(ঝ) "কলিযুগে ধর্ম হয় হরিসঙ্কীর্তন।
এতদর্থে অবতীর্ণ শ্রীশচীনন্দন॥
— এখানে কার অবতীর্ণ হওয়ার কথা বলা হয়েছে ?

(ঞ) চৈতন্যদেবের কয়জন স্ত্রী ছিল ? তাঁদের নাম লেখো।

(ট) ফুল্লরার পিতা ও মাতার নাম কী ?

(ঠ) কালকেতুর সঙ্গে কোন্ রাজার যুদ্ধ হয়েছিল ?

(ড) মুকুন্দ চক্রবর্তী কোন্ জমিদারের আশ্রয়গ্রহণ করেছিলেন ?

(ঢ) "পশ্চাতে চণ্ডিকা যান আগে কালু যায়।
ফিরি ফিরি কালকেতু পাছুপানে চায়॥"
কালকেতু কেন বার বার পেছনে ফিরে দেখেছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) চৈতন্য অবতারের কারণ

(খ) জগৎজীবন ঘোষাল

(গ) ফুল্লরার বারমাস্যা।

Basirhat Mahavidyalaya Estd 2006 Baksirhat, Coochbehar

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) প্রণয়মূলক আখ্যান রচয়িতা হিসেবে দৌলত কাজীর সার্থকতা বিচার করো।

(খ) উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যধারার স্বাতন্ত্র্য নিরূপণ করো।

(গ) চণ্ডীমঙ্গল কাব্যে পশুগণের ক্রন্দনের মধ্যে রাষ্ট্রনৈতিক অরাজকতার ছবি আছে — আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) আরাকান রাজসভার কবি হিসেবে সৈয়দ আলাওলের কৃতিত্ব আলোচনা করো।

(খ) বৃন্দাবন দাসের চৈতন্যভাগবত অবলম্বনে গৌরচন্দ্রের জন্মবৃত্তান্ত বর্ণনা করো।

(গ) "এ যুগে জন্মগ্রহণ করিলে তিনি যে একজন কবি না হইয়া ঔপন্যাসিক হইতেন তাহাতে সংশয় মাত্র নাই।" — মুকুন্দ চক্রবর্তী সম্পর্কে এই উক্তির সার্থকতা বিচার করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examinations, 2022

## BENGALI

## প্রাচীন ভারতীয় কাব্যতত্ত্ব, ছন্দ ও অলংকার

## CORE-6

সময় : ২ ঘন্টা — পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১×১০ = ১০

(ক) সংস্কৃতে ‘রস্’ ধাতুর অর্থ কী ?

(খ) ‘রীতিরাত্মা কাব্যস্য’ — কে বলেছেন ?

(গ) ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের রচয়িতা কে ?

(ঘ) ‘জীবনানন্দ’ শব্দটি স্বরবৃত্তে কয় মাত্রা হবে ?

(ঙ) ‘কাব্যং গ্রাহ্যম্ অলংকারাৎ’ — একথা কে বলেছেন ?

(চ) আনন্দবর্ধন রচিত গ্রন্থটির নাম কী ?

(ছ) প্রান্তিক পর্ব কাকে বলে ?

(জ) কোন্ ছন্দকে ছড়ার ছন্দ বলা হয় ?

(ঝ) ‘নাট্যশাস্ত্র’ গ্রন্থের রচয়িতা কে ?

(ঞ) মাত্রাবৃত্ত ছন্দের ‘মাত্রাবৃত্ত’ নামকরণ কে করেন ?

(ট) শ্লেষ অলংকার কাকে বলে ?

(ঠ) ব্যাজস্তুতি অলংকারের একটি বৈশিষ্ট্য লেখো।

(ড) উপমেয়ের উপর উপমানের ব্যবহার আরোপিত হলে কোন্ অলংকার হয় ?

(ঢ) অর্থালংকার ও শব্দালংকারের একটি পার্থক্য লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৫×১ = ৫

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

“ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
জলসিঞ্চিত ক্ষিতিসৌরভ-রভসে”

(খ) অলংকার নির্ণয় করোঃ ২.৫×২=৫

(অ) শীতল বাহিনী গঙ্গা ? – কাশীতল বাহিনী গঙ্গা।

(আ) 'রোদের নরম রং শিশুর গালের মতো লাল।'

(গ) টীকা লেখোঃ সাধারণীকরণ।

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ভট্টলোল্লটের 'উৎপত্তিবাদ' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) রূপক অলংকার কত প্রকারের ? যে-কোনো দুটি প্রকরণের ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) " 'ধ্বনি বা ব্যঙ্গ্য' হচ্ছে কাব্যের আত্মা; তার সারতম বস্তু।" — আলোচনা করো।

(খ) শ্লেষ অলংকারের সংজ্ঞাসহ শ্রেণীবিভাগ আলোচনা করো।

(গ) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো। প্রাচীন পয়ার ও অমিত্রাক্ষর ছন্দের মধ্যে পার্থক্যগুলি দেখাও।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examinations, 2022

## BENGALI

## উনিশ শতকের গদ্য ও কাব্য

## CORE-7

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) ‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থটি কার লেখা ?

(খ) বাংলা গদ্যের জনক কাকে বলা হয় ?

(গ) ‘হুতোম প্যাঁচা’ ছদ্মনামটি কার ?

(ঘ) কমলাকান্তের দপ্তর গ্রন্থটি কবে প্রকাশিত হয় ?

(ঙ) ‘ব্রাহ্মণ সেবধি’ পত্রিকা কে প্রকাশ করেন ?

(চ) ‘তত্ত্ববোধিনী’ পত্রিকার সম্পাদকের নাম লেখো।

(ছ) ফোর্ট উইলিয়াম কলেজের দু’জন পণ্ডিতের নাম লেখো।

(জ) ঈশ্বরগুপ্ত রচিত দুটি কবিতার নাম লেখো।

(ঝ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত দুটি আখ্যান কাব্যের নাম লেখো।

(ঞ) ‘অবকাশরঞ্জিনী’ কার রচনা ?

(ট) নবীন চন্দ্রের ‘ত্রয়ী’ আখ্যান কাব্যের নামগুলি লেখো।

(ঠ) আমাদের দেশে হবে সেই ছেলে কবে
কথায় না বড় হয়ে কাজে বড় হবে।
— কবিতাংশটির কবি কে ?

(ড) ‘বীরাঙ্গনা’ কাব্যটি কবি কাকে উৎসর্গ করেন ?

(ঢ) ‘রাজাপ্রতাপাদিত্য চরিত্র’ — কার লেখা ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) অক্ষয়কুমার দত্ত

(খ) বঙ্গদর্শন পত্রিকা

(গ) পদ্মিনী উপাখ্যান।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar



৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) বাংলা আখ্যান কাব্যের ধারায় রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিমাপ করো।

(গ) 'বীরাঙ্গনা' কাব্যের নামকরণের সার্থকতা আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) রবীন্দ্রনাথ বিহারীলালকে বাংলা গীতিকবিতার 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন। বিহারীলালের গীতিকবিতাগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে একথা বলার তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

(গ) 'বীরাঙ্গনা' কাব্যে কবি যে চরিত্র পরিকল্পনাগত মৌলিকতার পরিচয় দিয়েছেন, তা বিচার করো।

——×——

COOCHBEHAR PANCHANAN BARMA UNIVERSITY

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examinations, 2022

## BENGALI

### ব্যবহারিক বাংলা : গণজ্ঞাপনের উদ্দেশ্য, পদ্ধতি, উপাদান, ভাষা

### SEC-1

Bakshirhat Mahavidyalaya • Estd 2006 • Bakshirhat, Coochbehar

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১×১০ = ১০

(ক) লাসওয়েল মডেলটির কবে উদ্ভব ঘটে ?

(খ) 'জ্ঞাপন' শব্দটি কোন ইংরেজী শব্দের অনুবাদ ?

(গ) 'Greatest discovery of the Earth'- কোন আবিষ্কার সম্পর্কে, কে এই কথা বলেছেন ?

(ঘ) গণমাধ্যমের কোন শাখাকে 'দ্রুত লেখা ইতিহাস' বলা হয় ?

(ঙ) আধুনিক জ্ঞাপনের দুটি উদ্দেশ্য লেখো।

(চ) গণজ্ঞাপন কী ?

(ছ) 'Hot and Cool' নামক মিডিয়াতত্ত্বের প্রবক্তা কে ?

(জ) 'বার্তা' বলতে কী বোঝায় ?

(ঝ) 'প্রেরক' বলতে কী বোঝো ?

(ঞ) জ্ঞাপন প্রক্রিয়ায় ক'টি পক্ষ থাকে ?

(ট) সাংস্কৃতিক জ্ঞাপনের দুটি দৃষ্টান্ত দাও।

(ঠ) ক্যালিগ্রাফি বলতে কী বোঝো ?

(ড) গণশ্রোতা কত প্রকার ?

(ঢ) জ্ঞাপনের প্রধানত ক'টি শ্রেণি ও কী কী ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৫×১ = ৫

(ক) জ্ঞাপনের সামাজিক গুরুত্বগুলি কী ? সংক্ষেপে লেখো ।

(খ) 'জ্ঞাপনতত্ত্ব' বলতে কী বোঝায় ?

(গ) 'গণসমাজ' সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) গণজ্ঞাপনের সমস্যাগুলি সম্পর্কে আলোচনা করো।

(খ) বার্তা গ্রাহকের প্রতিবন্ধকতাগুলি কী কী আলোচনা করো।

(গ) গণমাধ্যম হিসেবে টেলিভিশনের সীমাবদ্ধতার দিকগুলি আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) গণসমাজ বলতে কী বোঝো ? গণসমাজের আচরণগুলি বিবৃত করো।

(খ) গণসংস্কৃতির সংজ্ঞা দাও। গণসংস্কৃতির বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

(গ) গণমাধ্যমে বিজ্ঞাপন কীভাবে সম্প্রসারণ করে ভোগসংস্কৃতির উপর প্রভাব ফেলেছে – আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 3rd Semester Examinations, 2022

## BENGALI

## মধ্যযুগের পদাবলী ও আধুনিক সনেট

## DSC (GROUP-1)

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'পদাবলী' শব্দটি কে প্রথম ব্যবহার করেন ?

(খ) 'রাধা'র প্রথম উল্লেখ পাই কোন্ গ্রন্থে ?

(গ) দুজন শাক্ত পদকর্তার নাম লেখো।

(ঘ) কবি রামপ্রসাদ সেনের জন্মস্থান কোথায় ?

(ঙ) বৈষ্ণব পদাবলীতে কয়টি রসের উল্লেখ আছে ?

(চ) 'শুকনা তরু মুঞ্জরে না' – পদটি কোন্ কবির লেখা ?

(ছ) 'আজু রজনী হাম' – পদটি কোন্ কবির লেখা ?

(জ) মধুসূদন তাঁর সনেটগুলি কোন্ শহরে বসে লিখেছিলেন ?

(ঝ) 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ?

(ঞ) 'অভিনব জয়দেব' – কোন্ কবির উপাধি ?

(ট) 'জ্ঞানদাস' কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি ?

(ঠ) প্রমথ চৌধুরীর দু'টি কাব্যের নাম লেখো।

(ড) সনেটের আদি কবি কে ?

(ঢ) শান্তরসের স্থায়ীভাবের নাম কি ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) ব্যর্থ জীবন

(খ) কমলাকান্ত ভট্টাচার্য

(গ) পূর্বরাগ।

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

UG/CBCS/B.A

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) শাক্ত পদাবলীর কবি রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো।

(খ) পূর্বরাগ ও অনুরাগের পার্থক্য নির্দেশ করো। পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

(গ) মধুসূদনের ‘কবি’ কবিতার ভাববস্তু ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) বৈষ্ণব পদাবলীকে কয়টি যুগপর্যায়ে ভাগ করা হয় ? প্রত্যেক যুগের বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) শাক্ত পদাবলীতে বর্ণিত তৎকালের সমাজচিত্র আলোচনা করো।

(গ) প্রমথ চৌধুরীর ‘বালিকা বধূ’ কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 3rd Semester Examinations, 2022

## BENGALI

## SEC-1

Bakshirhat Mahavidyalaya Estd 2006 Bakshirhat, Coochbehar

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) জ্ঞাপন হল 'প্রতীকী আচরণ'– কারা এই মন্তব্য করেছেন ?

(খ) শব্দহীন জ্ঞাপন বা অবাঙ্ জ্ঞাপনের একটি উদাহরণ দাও।

(গ) ইলেকট্রনিক মাধ্যম কাকে বলে ?

(ঘ) সাংবাদিক কোন শ্রেণির জ্ঞাপক ?

(ঙ) দুজন 'পরিবর্তন-প্রতিভূর' (Change Agent) নিদর্শন দাও।

(চ) John Merill কাদের 'Media illiterate' বলে অভিহিত করেছেন ?

(ছ) জনসভায় নেতার বক্তৃতা কোন শ্রেণির জ্ঞাপন ?

(জ) সাম্প্রতিককালে অতিব্যবহৃত একটি গণমাধ্যমের নাম লেখো।

(ঝ) শিক্ষক কোন শ্রেণীর জ্ঞাপক ?

(ঞ) গণ-আচরণ বলতে কী বোঝায় ?

(ট) গণজ্ঞাপনের প্রধান উদ্দেশ্য কী ?

(ঠ) গণসমাজকে 'way of life' বলে কে অভিহিত করেছেন ?

(ড) জনতা কাকে বলে ?

(ঢ) 'Media Communication' গ্রন্থটির লেখক কে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) জ্ঞাপনের শ্রেণি বিভাগ করে প্রতিটি বিভাগের সংজ্ঞা ও উদাহরণ দাও।

(খ) গণ-উন্মাদনা ও গণ-বিকার বলতে কী বোঝায় ?

(গ) গণমাধ্যমের কোন কোন প্রেষণযোগ্য (Motivational) বিষয়গুলি শ্রোতাদের গণমাধ্যমের প্রতি আকৃষ্ট করে তোলে ?

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) গণমাধ্যমের মৌলিক উপাদানগুলি কী কী ? যে-কোনো দুটি উপাদান সম্পর্কে আলোচনা করো।

(খ) গণশ্রোতার চারিত্রিক বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) জনগণের উপর গণমাধ্যমের প্রতিক্রিয়াগুলি আলোচনা করো।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) বার্তা প্রেরক, বার্তা গ্রাহক, বার্তা মাধ্যম ও বার্তা গ্রহণ– প্রতিটি ক্ষেত্রে জ্ঞাপনের প্রতিবন্ধকতার কারণগুলি আলোচনা করো।

(খ) গণসমাজ কাকে বলে ? গণসমাজের মূল বৈশিষ্ট্যগুলি নিজের ভাষায় লেখো।

(গ) গণজ্ঞাপন বলতে কী বোঝায় ? গণজ্ঞাপনের ক্ষেত্রে সমাজতত্ত্ব, মনস্তত্ত্ব ও বিজ্ঞান প্রযুক্তির গুরুত্ব আলোচনা করো।

——×——

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A./B.Com. Programme 3rd Semester Examinations, 2022

## BENGALI

## বাংলা ব্যাকরণ

## LCC-3

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর লেখোঃ ১×১০ = ১০

(ক) সমাস শব্দের অর্থ কী ?

(খ) বাংলা মৌলিক স্বরধ্বনিগুলি উল্লেখ করো।

(গ) কণ্ঠঃনিসৃত ব্যঞ্জনধ্বনিগুলি কী কী ?

(ঘ) কেন্দ্রীয় স্বরধ্বনি কাকে বলে ?

(ঙ) সংস্কৃত উপসর্গের সংখ্যা কয়টি ?

(চ) 'অপিনিহিতি' শব্দের অর্থ কী ?

(ছ) দুটি অভিশ্রুতির উদাহরণ দাও।

(জ) তির্যক বিভক্তি বলতে কী বোঝো ?

(ঝ) নির্দেশক কাকে বলে ?

(ঞ) সমাসবাক্য বলতে কী বোঝো ?

(ট) 'স্বরভক্তি বা বিপ্রকর্ষ' কাকে বলে ?

(ঠ) সমস্তপদ কাকে বলে ?

(ড) লোকনিরুক্তির একটি উদাহরণ দাও।

(ঢ) 'পরি' উপসর্গ দিয়ে দুটি শব্দ গঠন করো।

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর লেখোঃ ৫×১ = ৫

(ক) অনুসর্গ ও উপসর্গের পার্থক্য লেখো।

(খ) ধ্বনি পরিবর্তনের বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) স্বরাগম কী ? এর পরিচয় দাও।

Bakshirhat Mahavidyalaya
Estd 2006
Bakshirhat, Coochbehar

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১০×১ = ১০

(ক) কারক কাকে বলে ? কারকের শ্রেণীবিভাগ করো।

(খ) ব্যঞ্জনধ্বনি কাকে বলে ? উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণীবিভাগ করো।

(গ) স্বরসঙ্গতি কাকে বলে ? উদাহরণ সহযোগে বিভিন্ন ধরনের স্বরসঙ্গতির পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর লেখোঃ ১৫×১ = ১৫

(ক) বাংলা ব্যাকরণে সমাস পাঠের প্রয়োজনীয়তা উল্লেখ করো।

(খ) অপিনিহিতি, লোকনিরুক্তি, সমীভবন, সমাক্ষরলোপ, বর্ণ বিপর্যয় — প্রত্যেকটির সংজ্ঞা ও তার ব্যাখ্যা দাও।

(গ) অধিকরণ কারক কী ? উদাহরণ সহযোগে অধিকরণ কারকের প্রকারভেদগুলি আলোচনা করো।

——×——